**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডার সঙ্গে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো সম্প্রসারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।**
**(২) সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায় প্রবীন নাগরিকদের অধিকার রক্ষায় পুত্র কন্যাদের পাশাপাশি আত্মীয় পরিজনদেরও যথাযথ দায়িত্ব পালন করার জন্য আহ্বান জানান।**
**(৩) এইডস থেকে মুক্তি পেতে যুব সমাজকে নেশা মুক্ত করার লক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন জেলায় রেড রান প্রতিযোগিতা ২০২৫ এবং তামাক মুক্ত যুব অভিযানের তৃতীয় পর্যায় অনুষ্ঠিত হয়।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি খুরেলসুখ উখনার মধ্যে আজ নতুনদিল্লিতে প্রতিনিধি-স্তরের আলোচনা অনুষ্ঠিত হয়।**
**(৫) রাজ্য থেকে আজ আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিয়েছে।**

*************************************

**Courtsey Meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডার সঙ্গে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো সম্প্রসারণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনাকালে পিপিপি মডেলে ধলাই জেলার কুলাই-এ একটি মেডিকেল কলেজ ও আগরতলায় একটি অত্যাধুনিক ব্যবস্থা সম্পন্ন চক্ষু হাসপাতাল স্থাপন এ.জি.এম.সি-জি.বি হাসপাতালে অঙ্গ প্রতিস্থাপন পরিষেবার জন্য ইমিউনোলজি ল্যাব স্থাপন, এ.জিএম.সি-র সুপার স্পেশালিটি ব্লকে উন্নত চিকিৎসা সরঞ্জামের জন্য তহবিল প্রদান এবং

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনায় অতিরিক্ত তহবিল প্রদান করা ইত্যাদি বিষয়গুলি প্রাধান্য পায়।

*****************************

**International Older Persons Day :**

সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায় প্রবীন নাগরিকদের অধিকার রক্ষায় পুত্র কন্যাদের পাশাপাশি আত্মীয় পরিজনদেরও যথাযথ দায়িত্ব পালন করার জন্য আহ্বান জানান। আন্তর্জাতিক প্রবীণ নাগরিক দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলার টাউন হলে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, ছেলেমেয়েরা যদি বৃদ্ধ বাবা মায়ের সেবা যত্ন বা ভরনপোষনের দায়িত্ব নিতে অপারগ হন তবে আইনী পদক্ষেপের সংস্থান রয়েছে। এর জন্য প্রতিটি মহকুমায় ট্রাইবুনাল রয়েছে। অনুষ্ঠানে চারজন প্রবীন নাগরিককে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে, প্রবীণ নাগরিকদের মর্যাদা ও অধিকার সুরক্ষার বিষয়ে সদ্য সমাপ্ত দুর্গাপূজায় জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির প্রয়াসের নিরিখে পশ্চিম ত্রিপুরা জেলার তিনটি ক্লাবকেও পুরস্কৃত করা হয়। তাছাড়া এই অনুষ্ঠানে প্রবীণ নাগরিকদের সেবায় বিশেষ অবদানের জন্য তিনটি স্বেচ্ছাসেবী সংস্থাকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানকে কেন্দ্র করে আগরতলা টাউন হলের সামনে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। ২৪১ জনের স্বাস্থ্য ও চোখ পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেয়া হয়। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আয়ুষ্মান যোজনা সহ প্রবীন নাগরিকদের সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করেন পশ্চিমজেলার জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার প্রমুখ।

*******************************

**Red Run :**

এইডস থেকে মুক্তি পেতে যুব সমাজকে নেশা মুক্ত করার লক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন জেলায় রেড রান প্রতিযোগিতা ২০২৫ এবং তা তৃতীয় পর্যায় মাক মুক্ত যুব অভিযানের অনুষ্ঠিত হয়। আগরতলায় উমাকান্ত

বিদ্যালয়ের প্রাঙ্গনে পশ্চিম জেলাভিত্তিক অনুষ্ঠানে সবুজ পতাকা নাড়িয়ে রেড রানের সূচনা করেন অতিথিবৃন্দ। অনুষ্ঠানে জেলাশাসক ডা. বিশাল কুমার যুব সমাজকে নেশামুক্ত হবার আহ্বান জানান।

#####Byte-Dr. Bishal Kumar######

উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল, পুলিশ সুপার নমিত পাঠক। স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে এবং রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত সবাই শপথ বাক্য পাঠ করেন।

ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবন প্রাঙ্গন থেকে রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সূচনা করেন উত্তর জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ।

কৈলাশহরের ক্রীড়া দপ্তরের অফিস প্রাঙ্গন থেকে রেড রান প্রতিযোগিতার সূচনা করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। আজকের প্রতিযোগিতায় পুরুষ ও মহিলা দুটি বিভাগে মোট ১১৭ জন প্রতিযোগী ও প্রতিযোগিনী অংশ নেন। এর মধ্যে দুটি বিভাগে বিজয়ী মোট ত্রিশ জনকে পুরষ্কার প্রদান করা হয়।

****************************

**Tourism Ministers-Conference :**

কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রণালয়ের উদ্যোগে রাজস্থানের উদয়পুরে আজ থেকে দুইদিনব্যাপী পর্যটন মন্ত্রীদের জাতীয় সম্মেলন শুরু হয়েছে। এই সম্মেলনে উপস্থিত রয়েছেন রাজ্যের পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি জানান, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রণালয় সারা দেশে উন্নয়নশীল পর্যটন, ডিজিটাল রূপান্তর এবং প্রতিটি রাজ্যের আকর্ষণীয় পর্যটন গন্তব্যস্থলের প্রচারের জন্য কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে সহযোগিতা জোরদার করার লক্ষ্যে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে।

**************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় বিদ্যুৎ ও নগরোন্নয়ন মন্ত্রী মনোহর লাল খট্টরের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা ত্রিপুরায় বিদ্যুৎ ও নগরোন্নয়নের চলতি প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বিশেষ করে আগরতলায় 'লাইট হাউস প্রজেক্ট'-এর অগ্রগতি নিয়েও আলোচনা হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি খুরেলসুখ উখনার মধ্যে আজ নতুনদিল্লিতে প্রতিনিধি-স্তরের আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে উভয় পক্ষ মানবিক সহায়তা, মঙ্গোলিয়ায় ঐতিহ্যবাহী স্থান পুনরুদ্ধার, অভিবাসন, ভূতত্ত্ব ও খনিজ সম্পদে সহযোগিতা, সমবায়ের প্রচার এবং ডিজিটাল সমাধান ক্ষেত্রে অংশীদারিত্বের জন্য সমঝোতা স্মারক বিনিময় করে। এই উপলক্ষে, উভয় নেতা যৌথভাবে ভারত ও মঙ্গোলিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের ৭০তম বার্ষিকী উপলক্ষে স্মারক ডাকটিকিট প্রকাশ করেন।

নতুনদিল্লিতে এক যৌথ সাংবাদিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেন, ভারত মঙ্গোলীয় নাগরিকদের বিনামূল্যে ই-ভিসা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। তিনি বলেন, ভারত মঙ্গোলিয়ার তরুণ সাংস্কৃতিক রাষ্ট্রদূতদের ভারতে বার্ষিক সফরের পৃষ্ঠপোষকতা করবে। শ্রী মোদী বলেন, ভারত ও মঙ্গোলিয়ার সম্পর্ক কেবল কূটনৈতিক নয় বরং উভয় দেশের মধ্যে একটি আত্মিক ও আধ্যাত্মিক বন্ধন।

######Byte-PM######

তিনি বলেন, মঙ্গোলিয়ায় বৌদ্ধধর্মের বিকাশে নালন্দা বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শ্রী মোদী বলেন, ভারত ও মঙ্গোলিয়া নালন্দা এবং গণ্ডন মঠকে সংযুক্ত করে এই ঐতিহাসিক সম্পর্কে নতুন শক্তি যোগানোর সিদ্ধান্ত নিয়েছে।

এই উপলক্ষে মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি খুরেলসুখ উখনা সেদেশের তেল শোধনাগার প্রকল্পে সর্বাত্মক সহায়তার জন্য ভারত এবং প্রধানমন্ত্রী মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, ডিজিটাল সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক ভারত ও মঙ্গোলিয়ার মধ্যে একটি যুগান্তকারী চুক্তি। উল্লেখ্য, মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি চার দিনের ভারত সফরে গতকাল নতুনদিল্লিতে পৌঁছেছেন। এর আগে সকালে, মঙ্গোলিয়ার রাষ্ট্রপতি রাজঘাট পরিদর্শন করেন এবং জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

***************************

**Resume International Postal Services to the US :**

ভারত আগামীকাল থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে আন্তর্জাতিক ডাক পরিষেবা পুনরায় চালু করবে। যোগাযোগ মন্ত্রক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে যে, মার্কিন কাস্টমস এবং সীমান্ত সুরক্ষা বিভাগের সঙ্গে ব্যাপক ব্যবস্থা উন্নয়ন এবং সমন্বয়ের পর ইন্ডিয়া পোস্ট এখন একটি সম্মতিমূলক ব্যবস্থা প্রতিষ্ঠা করেছে। নতুন ব্যবস্থাটি সম্পূর্ণ নিয়ন্ত্রক সম্মতি, দ্রুত শুল্ক ছাড়পত্র এবং মার্কিন যুক্তরাষ্ট্রে প্রাপকদের কাছে কোনও অতিরিক্ত শুল্ক বা বিলম্ব ছাড়াই নির্বিঘ্নে সরবরাহ নিশ্চিত করে। উল্লেখ্য, মার্কিন প্রশাসনের জারি করা

একটি আদেশের পরিপ্রেক্ষিতে, মার্কিন যুক্তরাষ্ট্রে ডাক পরিষেবা স্থগিত করা হয়েছিল।

*************************

**GB Hospital :**

আগরতলায় গোবিন্দ বল্লভপন্থ অর্থাৎ জিবি হাসপাতালের আজ ৬৫তম প্রতিষ্ঠা দিবস। এই উপলক্ষে আগরতলা মেডিকেল কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে এই হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন তথা বিধায়ক মিনা রানী সরকার বলেন, ১৯৬১ সালের এই দিনে হাসপাতালটি প্রতিষ্ঠা করা হয়েছিল। আগামীদিনে সবার সহযোগিতায় জিবি হাসপাতালের স্বাস্থ্য পরিষেবার আরো মানোন্নয়ন হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরন গীত্যে, মেডিকেল এডুকেশন এর অধিকর্তা ডক্টর এইচ পি শর্মা, এ.জি.এম.সি-র অধ্যক্ষ ডা: অনুপ কুমার সাহা, জাতীয় স্বাস্থ্য মিশনের সদস্য সচিব ডা: নূপুর দেববর্মা ও জিবি হাসপাতালের ডেপুটি সুপার ডা: কনক চৌধুরী।

*****************************

**Tripex-2025 :**

ভারতীয় ডাক বিভাগের উদ্যোগে আগামী ২৯শে অক্টোবর থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত আগরতলার নজরুল কলাক্ষেত্রে উত্তর-পূর্বাঞ্চলীয় সার্কেল স্তরের ডাক টিকিট প্রদর্শনী 'ট্রাইপেক্স-২০২৫' অনুষ্ঠিত হবে। ডাক বিভাগের উত্তর-পূর্ব সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল সঞ্জীব রঞ্জন আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

তিনি বলেন, 'ট্রাইপেক্স-২০২৫' প্রদর্শনীর মূল উদ্দেশ্য হলো ডাকটিকিট সংগ্রহের প্রতি সাধারণ মানুষের আগ্রহ বৃদ্ধি করা, নতুন প্রজন্মের মধ্যে ডাক বিভাগের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়া এবং ডাক টিকিট কেন্দ্রিক সংস্কৃতিকে জনপ্রিয় করে তোলা। উত্তর-পূর্বাঞ্চলের আসাম, মেঘালয়, ত্রিপুরা, মণিপুর, মিজোরাম, নাগাল্যান্ড ও অরুণাচল

প্রদেশের বিভিন্ন জেলা থেকে শিক্ষার্থী, যুবসমাজ, শিক্ষক ও সাধারণ নাগরিকরা এই প্রদর্শনীতে অংশ নেবেন।

*****************************

**Yoga Competition–Sepahijala :**

সিপাহীজলা জেলাভিত্তিক অনূর্ধ্ব ১৪,১৭,ও ১৯ বছর বয়সী বালক বালিকা বিভাগের যোগ প্রতিযোগিতা আজ নলছড় কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় মোট ৬০ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসুধন দেববর্মা জানান, এই প্রতিযোগিতা থেকে বাছাইকরা মোট ২০ জন আগামী মাসে রাজ্যভিত্তিক যোগ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।

****************************

**Weather :**

রাজ্য থেকে আজ আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিয়েছে। এবারের বর্ষা মরশুমে বৃষ্টিপাতের পরিমান ১ হাজার ৪৫১ দশমিক ৭ মিলিমিটার।

আবহাওয়া দপ্তর সূত্রে বলা হয়েছে, আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস।

*****************************